গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
প্রশাসন-৩ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০
www.ssd.gov.bd

স্মারক নম্বর: ৫৮.০০.০০০০.০১৪.২৩.০০৬.১৭.২৬৬

তারিখ: ২৭ শ্রাবণ ১৪২৯
১১ আগস্ট ২০২২

বিষয়: **স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭তম শাহাদত বার্ষিকী ১৫ আগস্ট জাতীয় শোক দিবস পালন উপলক্ষ্যে কর্মসূচি চূড়ান্ত সংক্রান্ত ফলোআপ সভার কার্যবিবরণী**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭তম শাহাদত বার্ষিকী ১৫ আগস্ট জাতীয় শোক দিবস পালন উপলক্ষ্যে গৃহীত কর্মসূচি বাস্তবায়নের ফলোআপ সভার কার্যবিবরণী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

সংযুক্তঃ ফলোআপ সভার কার্যবিবরণী

১১-৮-২০২২
মোঃ আবদুল কাদির
উপসচিব
ফোন: +৮৮০-২-৪৭১২৪৩৫৯
ফ্যাক্স: ৯৫৭৪৪৯৯
ইমেইল: admin3@ssd.gov.bd

বিতরণ :
১) সকল কর্মকর্তা, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
২) অধিদপ্তর প্রধান (সকল), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

স্মারক নম্বর: ৫৮.০০.০০০০.০১৪.২৩.০০৬.১৭.২৬৬/১(২)

তারিখ: ২৭ শ্রাবণ ১৪২৯
১১ আগস্ট ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) অতিরিক্ত সচিব, প্রশাসন ও অর্থ অনুবিভাগ, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
২) সচিবের একান্ত সচিব, সচিব-এর দপ্তর, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

১১-৮-২০২২
মোঃ আবদুল কাদির
উপসচিব

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**সুরক্ষা সেবা বিভাগ**
**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**
**প্রশাসন-৩ শাখা**
**www.ssd.gov.bd**

# স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭তম শাহাদত বার্ষিকী ১৫ আগস্ট জাতীয় শোক দিবস পালন উপলক্ষ্যে কর্মসূচি চূড়ান্ত সংক্রান্ত ফলোআপ সভার কার্যবিবরণী

সভাপতি : মোঃ আবদুল্লাহ আল মাসুদ চৌধুরী, সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

তারিখ ও সময় : ০৩ আগস্ট ২০২২, সকাল ১০.০০টা

স্থান : জুম অনলাইন প্ল্যাটফর্ম

- সভাপতি স্বাধীনতার মহান স্থপতি সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এবং বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব-এঁর স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করে সভার কার্যক্রম শুরু করেন। তিনি সভায় অংশগ্রহণকারী সকলকে স্বাগত জানান। এরপর এ বিভাগের প্রশাসন-৩ শাখার উপসচিবকে সভার আলোচ্য সূচি অনুযায়ী কার্যপত্র উপস্থাপন করার জন্য অনুরোধ জানান। উপসচিব (প্রশাসন-৩) সভাকে জানান, মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সভাপতিত্বে ২৭ জুন ২০২২ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী এ বিভাগ ও অধিদপ্তর প্রধানগণের নিকট ০৭ জুলাই ২০২২ তারিখে প্রেরণ করা হয়।

- ১৭ জুলাই ২০২২ তারিখে মিজ সেলিনা পারভেজ, অতিরিক্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ এর সভাপতিত্বে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী ২৪ জুলাই ২০২২ তারিখ এ বিভাগ ও আওতাধীন অধিদপ্তরসমূহে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হয়।

- বর্ণিত সভার সিদ্ধান্তসমূহের পরিপ্রেক্ষিতে এ বিভাগ ও আওতাধীন অধিদপ্তরসমূহ স্ব স্ব বিভাগ/অধিদপ্তর কর্তৃক বিস্তারিত কর্মসূচি গ্রহণ করা হয়েছে।

- এ বিভাগ ও অধিদপ্তরসমূহের কর্মসূচিসমূহ ৩১ জুলাই ২০২২ তারিখে অনুষ্ঠিত প্রস্তুতিমূলক সভায় মাধ্যমে চূড়ান্ত করা হয়েছে।

- মন্ত্রিপরিষদ বিভাগে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত মোতাবেক গঠিত ধানমন্ডি ৩২-এ অনুষ্ঠেয় কর্মসূচি সংক্রান্ত আন্তঃমন্ত্রণালয় মনিটরিং ও সমন্বয় কমিটিতে জনাব মুহাম্মদ আবদুর রউফ মিয়া, উপসচিব এবং ঢাকার বনানী কবরস্থানে অনুষ্ঠেয় কর্মসূচি সংক্রান্ত আন্তঃমন্ত্রণালয় মনিটরিং সমন্বয় কমিটিতে জনাব মুহাম্মদ শহিদ উল্লাহ, উপসচিব-কে এ বিভাগের প্রতিনিধি হিসেবে মনোনয়ন প্রদান করা হয়েছে।

- কোভিড পরিস্থিতিতে স্বাস্থ্যবিধি মেনে সকল প্রকার কর্মসূচি বাস্তবায়ন করা হবে।

বিস্তারিত আলোচনা শেষে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭তম শাহাদত বার্ষিকী জাতীয় শোক দিবস যথাযথ মর্যাদা ও ভাবগম্ভীর পরিবেশে এ বিভাগ এবং আওতাধীন অধিদপ্তরসমূহে পালনের উদ্দেশ্যে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রম | কার্যক্রম | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১ | কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়ন; | জাতীয় শোকদিবসের সাথে সংগতি রেখে মন্ত্রণালয়/বিভাগসমূহ স্ব স্ব কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়ন করবে এবং আওতাধীন সংস্থা ও দপ্তরে উক্ত কর্মসূচি পালন নিশ্চিত করবে। | **সুরক্ষা সেবা বিভাগ এবং আওতাধীন অধিদপ্তরসমূহ** |
| ২ | ফ্ল্যাগ রুলস অনুসরণ; | ফ্লাগ রুলস যথাযথভাবে অনুসরণপূর্বক ১৫ই আগস্ট ২০২২ তারিখে জাতীয় পতাকা অর্ধনমিত রাখতে হবে। | **সুরক্ষা সেবা বিভাগ এবং আওতাধীন অধিদপ্তরসমূহ** |
| ৩ | অনুষ্ঠানস্থলে অগ্নিনির্বাপক যন্ত্রসহ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের প্রয়োজনীয় সংখ্যক গাড়ির উপস্থিতি নিশ্চিতকরণ এবং ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের গাড়ি ও অ্যাম্বুলেন্স যথাস্থানে মোতায়েন; | অনুষ্ঠানস্থলে অগ্নিনির্বাপক যন্ত্রসহ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের প্রয়োজনীয় সংখ্যক গাড়ির উপস্থিতি নিশ্চিত করতে হবে এবং ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের গাড়ি ও অ্যাম্বুলেন্স যথাস্থানে মোতায়েন করতে হবে; | **মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর** |
| ৪ | এসবি পাস সংগ্রহকরণ; | জাতীয় শোক দিবসের অনুষ্ঠান আয়োজনের সাথে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীদের দায়িত্ব পালনের নিমিত্ত এসবি পাস সংগ্রহের ব্যবস্থা করতে হবে। | **প্রশাসন-৩ শাখা, সুরক্ষা সেবা বিভাগ** |
| ৫ | ১৫ আগস্ট ২০২২ জাতীয় শোক দিবসে পুরাতন ঢাকা কেন্দ্রীয় কারাগারে উপস্থিতি এবং জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ; | ১৫ আগস্ট ২০২২ তারিখ সকাল ১০.০০টায় সচিব, সুরক্ষা সেবা বিভাগ সকল কর্মকর্তাসহ পুরাতন ঢাকা কেন্দ্রীয় কারাগারের অভ্যন্তরে বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর প্রাঙ্গণে অবস্থিত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করবেন। | **সকল কর্মকর্তা, সুরক্ষা সেবা বিভাগ ও অধীন অধিদপ্তর হতে মনোনীত কর্মকর্তাগণ** |
| ৬ | ধানমন্ডি ৩২-এ অনুষ্ঠেয় কর্মসূচিতে জনাব মুহাম্মদ আবদুর রউফ মিয়া, উপসচিব এবং ঢাকার বনানী কবরস্থানে অনুষ্ঠেয় কর্মসূচিতে জনাব মুহাম্মদ শহিদ উল্লাহ, উপসচিব এর উপর অর্পিত দায়িত্ব সম্পাদন; | ধানমন্ডি ৩২-এ অনুষ্ঠেয় কর্মসূচি সংক্রান্ত আন্তঃমন্ত্রণালয় মনিটরিং ও সমন্বয় কমিটিতে জনাব মুহাম্মদ আবদুর রউফ মিয়া, উপসচিব এবং ঢাকার বনানী কবরস্থানে অনুষ্ঠেয় কর্মসূচি সংক্রান্ত আন্তঃমন্ত্রণালয় মনিটরিং সমন্বয় কমিটিতে জনাব মুহাম্মদ শহিদ উল্লাহ, উপসচিবকে অর্পিত দায়িত্ব মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী যথাযথভাবে পালন করতে হবে। | **সংশ্লিষ্ট কর্মকর্তা, সুরক্ষা সেবা বিভাগ** |
| ৭ | স্বাস্থ্যবিধি অনুসরণ; | সামাজিক দূরত্ব বজায় রেখে স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক জাতীয় শোক দিবসের সকল কর্মসূচি বাস্তবায়ন করবে। | **সংশ্লিষ্ট কর্মকর্তা, সুরক্ষা সেবা বিভাগ** |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

**মোঃ আবদুল্লাহ আল মাসুদ চৌধুরী**
সচিব
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

৫৮.০০.০০০০.০১২.১৩.০০২.১৭-২৬

তারিখ : ২৭ শ্রাবণ ১৪২৯ / ১০ আগস্ট ২০২২

**বিতরণ:**

১. সকল কর্মকর্তা, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
২. অধিদপ্তর প্রধান (সকল), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

**অনুলিপি :**

১. অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা; এবং
২. সচিব-এর একান্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

**মোঃ আবদুল কাদির**
উপসচিব